গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯৩.০০১.২২-২৮০

তারিখ: ১৪ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড নীতিমালা-২০২২" প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ মোতাবেক সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড" প্রদানের নিমিত্ত অনুমোদিত "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড নীতিমালা-২০২২" পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি : নীতিমালা ( ০৫ প্রস্থ ) ।

২৮/১২/২০২২

মো: রবিউল ইসলাম
উপসচিব
ফোন : ২২৩৩৮৫১৮৬

বিতরণ, জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. জেলা প্রশাসক (সকল)।
২. উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয় (সকল )।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫. সহকারী কমিশনার (ভূমি) (সকল )
৬. উপপরিচালক, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল )।
৭. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণি সম্পদ অফিস (সকল)।
৮. জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য অফিস (সকল)।
৯. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয় (সকল)।
১০. উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর (সকল)।
১১. উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।
১২. উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা কার্যাল (সকল)।
১৩. জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয় (সকল)।
১৪. জেলা ক্রীড়া কর্মকর্তা, জেলা ক্রীড়া অফিস (সকল)।
১৫. উপজেলা কৃষি কর্মকর্তা (সকল)।
১৬. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)।
১৭. উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)।
১৮. উপজেলা সমাজসেবা কর্মকর্তা( সকল)।
১৯. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।
২০. উপজেলা সমবায় অফিসার (সকল)।
২১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)।
২২. সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা (সকল)।
২৩. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল)।

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯৩.০০১.২২-২৮০

তারিখ: ২৯ ডিসেম্বর, ২০২২ খ্রি.

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণলয়/কৃষি মন্ত্রণালয়/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/ সমাজকল্যাণ মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৩. মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ( সংযুক্ত নীতিমালা ওয়েবসাইটে প্রকাশসহ মাঠ পর্যায়ে সংশ্লিষ্টদের নিকট প্রেরণের অনুরোধসহ )।

৪. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।

৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/ প্রাণিসম্পদ অধিদপ্তর/ সমাজসেবা অধিদপ্তর/মহিলা বিষয়ক অধিদপ্তর/বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), ঢাকা।

৭. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

৯. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১. সহকারী প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২. অফিস কপি।

২০/১২/২০২২

মো: রবিউল ইসলাম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড নীতিমালা-২০২২

১। শিরোনাম: এ নীতিমালা 'শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড নীতিমালা- ২০২২' নামে অভিহিত হবে।

২। পটভূমি: যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ মোতাবেক আত্মকর্মসংস্থান ও দারিদ্র্য বিমোচনে সফল কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ দেশের উপযুক্ত যুব সংগঠনকে অনুদান প্রদানের পাশাপাশি অসাধারণ অবদানের জন্য উক্ত আইনের ৯(খ) ধারা অনুযায়ী যুবদেরকে পুরস্কৃত করার বিধান রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ সন্তান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অদম্য উদ্যোগ, সৃজনশীলতা ও দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্বের সুফল হিসেবে বাংলাদেশে মুক্তিযুদ্ধের চেতনা ও গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত হয়েছে। তিনি বাংলাদেশকে মর্যাদা ও সম্মানে বিশ্ব পরিমণ্ডলে এক অনন্য উচ্চতায় উন্নীত করেছেন। তাঁর দৃঢ় মনোবল, সাহসী নেতৃত্ব, উদার মানবিক দৃষ্টিভঙ্গীর কারণে কৃষি, স্বাস্থ্য শিক্ষা, পরিবেশ উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, যুব উন্নয়ন ও যুব কর্মসংস্থান, যুবকল্যাণ, সন্ত্রাস-জঙ্গীবাদ ও মাদক বিরোধী কার্যক্রম এবং সমাজ সেবায় যুব-তরুণদের অনুপ্রেরণাসহ বিভিন্ন ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য তাঁকে অসংখ্য আন্তর্জাতিক পুরস্কার প্রদান করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সম্মোহনী নেতৃত্ব ও বিশ্বজনীন স্বীকৃতির প্রভাব যুবদের মধ্যে প্রতিফলনের লক্ষ্যে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের তত্ত্বাবধানে প্রতিবছর জাতির পিতার জ্যেষ্ঠ সন্তান শেখ হাসিনার নামানুসারে 'শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড' প্রদানের বিষয়ে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের ৪৩তম সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ধারা ৬ এর উপধারা (১) (ক) উপধারা এবং ধারা ৯ এর উপধারা (খ) অনুযায়ী 'শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড নীতিমালা-২০২২' প্রণয়ন করা হলো।

৩। উৎসর্গ: বাংলাদেশের উন্নয়ন অভিযাত্রায় শেখ হাসিনার অবিসংবাদিত নেতৃত্ব বিশ্বশান্তি প্রতিষ্ঠায় অনবদ্য সৃজনশীল অবদান, উন্নয়ন ভাবনা, দেশপ্রেম, মানবিক মূল্যবোধ ও উদ্ভাবনী উদ্দীপনা তরুণদের মাঝে বিকশিত করার লক্ষ্যে তাঁর নামে এ পুরস্কার উৎসর্গ করা হলো।

৪। উদ্দেশ্য: দেশের আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক অবস্থার উন্নয়নে আত্মিকভাবে উন্নত, উৎপাদনমুখী ও প্রযুক্তিনির্ভর উদ্ভাবনী ক্ষমতাসম্পন্ন যুবদের অসামান্য অবদান বিবেচনায় রেখে যুবদের বহুমুখী কর্মকাণ্ডকে স্বীকৃতি দেয়ার উদ্দেশ্যে এ পুরস্কার প্রবর্তন করা হলো। শেখ হাসিনার নামে অত্যন্ত সম্মানজনক 'শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড' প্রদানের মূল লক্ষ্য যুবদেরকে স্বেচ্ছাসেবামূলক কাজে উৎসাহিত করা এবং এর মাধ্যমে দেশপ্রেমে উদ্বুদ্ধ করা।

৫। সংজ্ঞা :

(ক) 'ভলান্টিয়ার': অলাভজনক, অরাজনৈতিক এবং অবৈতনিকভাবে স্বেচ্ছাসেবক হিসেবে সেবা ও উন্নয়নমূলক কর্মে নিয়োজিত যুবকে বুঝাবে।

(খ) 'শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড': যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ধারা ৯ এর উপধারা (খ) এর আওতায় প্রদত্ত পুরস্কারকে বুঝাবে।

(গ) 'যুব': ১৮ হতে ৪৫ বছরের বয়সসীমার নারী-পুরুষ নির্বিশেষে বাংলাদেশের যেকোন নাগরিককে বুঝাবে।

(ঘ) 'বোর্ড' : যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ধারা ৫ এর আওতায় গঠিত এবং সংশ্লিষ্ট নীতিমালার ১০(গ) অনুচ্ছেদে বর্ণিত যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডকে বুঝাবে।

(ঙ) 'সিলেকশন কমিটি': যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ধারা ৮ এর আওতায় গঠিত এবং সংশ্লিষ্ট নীতিমালার ১০(ঘ) অনুচ্ছেদে বর্ণিত সিলেকশন কমিটিকে বুঝাবে।

(চ) 'উপজেলা কমিটি': নীতিমালার ১০ (ক) নং অনুচ্ছেদে গঠিত উপজেলা কমিটকে বুঝাবে।

(ছ) 'জেলা কমিটি': নীতিমালার ১০ (খ) নং অনুচ্ছেদে গঠিত জেলা কমিটিকে বুঝাবে।

(জ) 'বিশিষ্ট ব্যক্তি': বিশিষ্ট ব্যক্তি বলতে-মাননীয় সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, প্রথম শ্রেণি গেজেটেড কর্মকর্তা, উপজেলা পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র এবং আধাসরকারি/ স্বায়ত্বশাসিত/ রাষ্ট্রায়ত্ব সংস্থায় জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদূর্ধ্ব গ্রেডে কর্মরত কর্মকর্তাগণ।

৬। (ক) নিম্নলিখিত ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য 'শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড' প্রদান করা যাবে :

(১) স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ চেতনা বাস্তবায়ন, দেশ প্রেম, বীরত্ব ও সাহসিকতা ;
(২) জ্যেষ্ঠদের প্রতি আদর্শ সেবা/ সমাজকল্যাণ ;
(৩) ক্রীড়া, কলা ও সংস্কৃতি ;
(৪) যুব উন্নয়ন ও কর্মসংস্থান ;
(৫) শিক্ষা, বিজ্ঞান, তথ্য প্রযুক্তি, কারিগরি ;

(খ) পুরস্কারের ক্ষেত্র : বোর্ডের অনুমোদনক্রমে প্রতি বছর একবার নিম্নোক্ত প্রতিটি ক্ষেত্রে তিনটি করে পুরস্কার দেয়া হবে :

(১) স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ চেতনা বাস্তবায়ন, দেশ প্রেম, বীরত্ব ও সাহসিকতা ;
(২) জ্যেষ্ঠদের প্রতি আদর্শ সেবা/ সমাজকল্যাণ ;
(৩) ক্রীড়া, কলা ও সংস্কৃতি ;
(৪) যুব উন্নয়ন ও কর্মসংস্থান ;
(৫) শিক্ষা, বিজ্ঞান, তথ্য প্রযুক্তি, কারিগরি ;

(গ) পুরস্কারের বিবরণ : প্রতিটি পুরস্কারে থাকবে নগদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা/প্রাইজবণ্ড, একটি ক্রেস্ট এবং একটি সম্মাননাপত্র।

৭। আবেদন দাখিল, প্রার্থী বাছাই এবং পুরস্কার প্রদান পদ্ধতি :

(১) প্রতি বছর 'শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড' প্রদান উপলক্ষে নির্ধারিত পদ্ধতিতে, নির্দিষ্ট আবেদন ফরম সারাদেশ থেকে উপযুক্ত যুবদের কাছ থেকে আবেদন আহবান করা হবে।

(২) বোর্ডের সিদ্ধান্তক্রমে প্রতি খ্রিস্টীয় সনের জন্য পুরস্কারের নিমিত্ত আবেদন আহবান করে বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজি দৈনিকসহ টেলিভিশন, রেডিও, বিটিআরসি এবং ডিজিটাল মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। এছাড়া যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটসহ মাঠ পর্যায়ের জেলা/উপজেলা প্রশাসনের নোটিশ বোর্ড বা পোর্টালে বিজ্ঞপ্তি প্রচার করা হবে।

(৩) আগ্রহী যুবগণ স্ব স্ব উপজেলা কমিটির সভাপতি বরাবর আবেদন দাখিল করবেন। মহানগরীর ক্ষেত্রে ( যেখানে উপজেলা কার্যালয় নাই) সরাসরি জেলা কমিটির সভাপতি বরাবর আবেদন করবেন। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন বিবেচনা করা হবে না।

(৪) আবেদনের সাথে দুইজন বিশিষ্ট ব্যক্তি কর্তৃক প্রদেয় প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

(৫) একজন আবেদনকারী কেবলমাত্র একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন।

(৬) উপজেলা কমিটি যাচাই-বাছাই করে পুরস্কার প্রদানের ক্ষেত্রে ক্যাটাগরি অনুযায়ী প্রতিটির বিপরীতে প্রাপ্ত উপযুক্ত আবেদনগুলো কমিটির কার্যবিবরণীসহ জেলা কমিটির নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করবে। জেলা কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রতিটি ক্যাটাগরির বিপরীতে সর্বোচ্চ পাঁচটি উপযুক্ত আবেদন কমিটির কার্যবিবরণীসহ নির্ধারিত সময়ের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করবে। তবে ক্ষেত্র বিশেষে সরাসরি প্রাপ্ত যে কোন আবেদন বোর্ড কর্তৃক বিবেচনা করা যাবে।

(৭) জেলা কমিটি হতে মনোনয়ন পাবার পর সিলেকশন কমিটি বিশদভাবে যাচাই-বাছাইপূর্বক সুপারিশ প্রস্তুত করে চূড়ান্ত মনোনয়নের জন্য 'যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড' এর নিকট উপস্থাপন করবে। বোর্ড সভায় সিলেকশন কমিটি কর্তৃক সুপারিশকৃত মনোনয়ন চূড়ান্ত করা হবে। বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

(৮) বিজয়ী যুবকে বোর্ডের অনুমোদনক্রমে যাতায়াত ভাতা প্রদান করা হবে।

(৯) বিজয়ী প্রার্থীর অনুপস্থিতিতে প্রার্থী কর্তৃক মনোনীত ব্যক্তি তাঁর পক্ষে পুরস্কার গ্রহণ করতে পারবেন।

(১০) ক্ষেত্র বিশেষে বোর্ড পুরস্কারের পরিমান ও সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে।

(১১) পুরস্কার প্রদানের বিষয়টি সম্পূর্ণ 'যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড' এর এখতিয়ারভুক্ত। বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

৮। আবেদনকারীর অযোগ্যতা :

(১) ফৌজদারি মামলায় দণ্ডিত কোন ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

(২) এ পুরস্কারে একবার ভূষিত হলে তিনি দ্বিতীয়বার বিবেচিত হবেন না।

(৩) ঋণখেলাপি কোন ব্যক্তি এই পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

(৪) চূড়ান্তভাবে বিজয়ীকে ডোপ টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে। কোন বিজয়ী ডোপ টেস্টে অযোগ্য বিবেচিত হলে তাঁর পুরস্কার প্রত্যাহার করা হবে এবং ক্যাটাগরির মেধাক্রমের শীর্ষ থেকে পরবর্তী বিজয়ী নির্বাচিত হবেন।

(৬) ঢাকা ওআইসি ইয়ুথ ক্যাপিটালের আওতায় শেখ হাসিনা ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড প্রাপ্তদের মধ্যে যারা চ্যাম্পিয়ন হয়েছেন তাঁরা এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

(৭) সন্ত্রাস বা সমাজ বা রাষ্ট্র বিরোধী কাজে লিপ্ত কোন যুব এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

(৮) পূর্বে শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড প্রাপ্ত কেউ এ পুরস্কারের জন্য কখনো বিবেচিত হবেন না।

৯। পুরস্কার সংক্রান্ত অনলাইন সফটওয়্যার : এ বিষয়ে পুরস্কার প্রদানের লক্ষ্যে অনলাইন পুরস্কার অ্যাপ্লিকেশন সফটওয়্যার তৈরি করা হবে এবং অনলাইন পদ্ধতিতে আবেদন গ্রহণ করা যাবে। তবে সফটওয়্যার প্রণীত না হওয়া পর্যন্ত নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করা যাবে।

১০। বাছাই প্রক্রিয়া : প্রতিটি আবেদন ১০০ নম্বরের মধ্যে মূল্যায়ন করা হবে।

(ক) পুরস্কারের প্রতিটি নিম্নলিখিত নির্দেশক এবং তৎপার্শ্বে বর্ণিত মানবণ্টনের ভিত্তিতে নির্বাচন করা হবে :

| ক্রম | নির্দেশক | মানবণ্টন |
|---|---|---|
| ক. | কার্যক্রম এর ব্যাপ্তি | ২০ নম্বর |
| খ. | কার্যক্রম দ্বারা প্রভাবিত জনসংখ্যা এবং সরাসরি উপকারভোগীর সংখ্যা | ২০ নম্বর |
| গ. | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপন | ১০ নম্বর |
| ঘ. | জঙ্গীবাদ, সন্ত্রাস, বাল্যবিবাহ, মাদক, যৌতুক প্রতিরোধ এবং শিশু শ্রম ও সমজাতীয় কার্যক্রম নিরসনের ক্ষেত্রে আবেদনকারীর অবদান | ০৫ নম্বর |
| ঙ. | স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ চেতানা বাস্তবায়নে গৃহীত কার্যক্রম, সমাজকল্যাণ, নারী উন্নয়ন, পরিবেশ উন্নয়ন, স্বাস্থ্য সেবা, কৃষি, শিল্প, পল্লী উন্নয়ন, সংস্কৃতি ও ক্রীড়া ক্ষেত্রে আবেদনকারীর অবদান | ০৫ নম্বর |
| চ. | কার্যক্রম এর সময়কাল | ০৫ নম্বর |
| ছ. | জাতীয় বা আন্তর্জাতিক অন্যান্য স্বীকৃতি/পুরস্কার | ০৫ নম্বর |
| জ. | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার | ০৫ নম্বর |
| ঝ. | প্রতিফলনযোগ্যতা (Replicability) | ০৫ নম্বর |

(খ) সিলেকশন কমিটির সার্বিক মূল্যায়নে ২০ নম্বর থাকবে।

(গ) জেলা কমিটি কর্তৃক প্রদত্ত নম্বর সিলেকশন কমিটি কর্তৃক পুনঃমূল্যায়ন করা যাবে।

(ঘ) প্রদত্ত সর্বমোট নম্বর বোর্ড কর্তৃক পুনঃমূল্যায়ন করা যাবে।

১১। কমিটি :

(ক) উপজেলা কমিটি :

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপদেষ্টা |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৩. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৯. | উপজেলা সমবায় অফিসার | সদস্য |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | |
| ১০. | সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা | সদস্য |
| ১১. | স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত একজন গণ্যমান্য ব্যক্তি | সদস্য |
| ১২. | কমিটির সভাপতি কর্তৃক মনোনীত একজন শিক্ষক | সদস্য |
| ১৩. | কমিটির সভাপতি কর্তৃক মনোনীত একজন এনজিও প্রতিনিধি | সদস্য |
| ১৪. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্যসচিব |

**উপজেলা কমিটির কার্যপরিধি:**

| | |
|---|---|
| ১. | পুরস্কারের ক্যাটাগরি অনুযায়ী প্রাপ্ত আবেদনসমূহ বিজ্ঞপ্তির শর্তাবলি অনুযায়ী যাচাই-বাছাই করা; |
| ২. | আবেদনের সাথে চাহিত সংযুক্ত তথ্যাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা করা; |
| ৩. | অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল করা; |
| ৪. | পুরস্কারের ক্যাটাগরিভিত্তিক উপযুক্ত আবেদনপত্র **ছক-১** অনুযায়ী একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করা; |
| ৫. | উপজেলা কমিটির মন্তব্য ও সুপারিশ সম্বলিত একটি কার্যবিবরণী এবং **ছক-১** অনুযায়ী প্রস্তুতকৃত আবেদনের পূর্ণাঙ্গ তালিকাসহ সকল আবেদন জেলা কমিটির সভাপতি বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণ। |

(খ) জেলা কমিটি :

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৩. | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা কার্যালয় | সদস্য |
| ৪. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণি সম্পদ অফিস | সদস্য |
| ৫. | জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য অফিস | সদস্য |
| ৬. | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, জেলা কার্যালয় | সদস্য |
| ৭. | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা কার্যালয় | সদস্য |
| ৮. | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা কার্যালয় | সদস্য |
| ৮. | জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয় | সদস্য |
| ৯. | জেলা ক্রীড়া কর্মকর্তা, জেলা ক্রীড়া অফিস | সদস্য |
| ১০. | জেলা সদরের সংসদীয় আসনের মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ১১. | কমিটির সভাপতি কর্তৃক মনোনীত একজন গণ্যমান্য ব্যক্তি | সদস্য |
| ১২. | কমিটির সভাপতি কর্তৃক মনোনীত একজন শিক্ষক | সদস্য |
| ১৩. | কমিটির সভাপতি কর্তৃক মনোনীত একজন এনজিও প্রতিনিধি | সদস্য |
| ১৪. | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয় | সদস্যসচিব |

**জেলা কমিটির কার্যপরিধি:**

| | |
|---|---|
| ১. | উপজেলা কমিটি কর্তৃক প্রেরিত আবেদনসমূহ বিজ্ঞপ্তির শর্তাবলি অনুযায়ী পুনঃযাচাই-বাছাইপূর্বক প্রতিটি আবেদনের বিপরীতে **ছক-২** অনুযায়ী নির্ধারিত মানবণ্টনের আলোকে মূল্যায়ন করা ; |

| | |
|---|---|
| ২. | ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগরীর আবেদনকারীর নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ বিজ্ঞপ্তির শর্তাবলির আলোকে যাচাই-বাছাইপূর্বক পুরস্কারের ক্যাটাগরিভিত্তিক **ছক-১** মোতাবেক আবেদনপত্রের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন এবং প্রতিটি আবেদনের বিপরীতে **ছক-২** অনুযায়ী নির্ধরিত মানবণ্টনের আলোকে মূল্যায়ন করা ; |
| ৩. | অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল করা ; |
| ৪. | পুরস্কারের ক্যাটাগরিভিত্তিক **ছক-৩** অনুযায়ী মেধাক্রমের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করা ; |
| ৫. | প্রস্তুতকৃত মেধাক্রমের পূর্ণাঙ্গ তালিকাসহ জেলা কমিটির মন্তব্য ও সুপারিশ সম্বলিত একটি কার্যবিবরণী এবং পুরস্কারের প্রতিটি ক্যাটাগরির বিপরীতে মেধাক্রমের শীর্ষ পাঁচটি করে আবেদন নির্ধারিত সময়ের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণ। |

**(গ) যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ০৫ ধারা অনুযায়ী যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড :**

| | | |
|---|---|---|
| ১. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী, যিনি উহার চেয়ারম্যানও হবেন। তবে, মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী সকলেই বিদ্যমান থাকলে মন্ত্রী চেয়ারম্যান, এবং প্রযোজ্য ক্ষেত্রে, অন্য দুইজন বা একজন ভাইস-চেয়ারম্যানও হবেন। | চেয়ারম্যান |
| ২. | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্যসচিব |
| ৩. | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| ৮. | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৯. | সরকার কর্তৃক মনোনীত যুব সংগঠনের মধ্য হতে চার জন প্রতিনিধি, যার মধ্যে অন্যূন একজন জন মহিলা প্রতিনিধি থাকবেন। | সদস্য |

**(ঘ) যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ০৮ ধারা অনুযায়ী সিলেকশন কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর অথবা তৎকর্তৃক মনোনীত একজন জন প্রতিনিধি | সদস্য |
| ৪. | মহাপরিচালক, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর অথবা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ৫. | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর অথবা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ৬. | মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড অথবা তৎকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | যুব সংগঠকদের মধ্য হতে সরকার কর্তৃক মনোনীত, যুব কার্যক্রমে সক্রিয়ভাবে জড়িত ও খ্যাতিমান, একজন মহিলা ও একজন পুরুষ প্রতিনিধি। | সদস্য |
| ৮. | সংশ্লিষ্ট উপসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্যসচিব |

১২। সংরক্ষণ : বোর্ড প্রয়োজনবোধে এ নীতিমালা সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করতে পারবে।

২৯.১২.২০২২

মেজবাহ উদ্দিন
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়